## বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর

বতমান সরকারের উন্নয়ন মূলক কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উন্নয়ন কমর্কান্ড নিম্নরুপঃ

১। প্রজেক্ট প্রোফাইল :

| | | | |
|---|---|---|---|
| ক. | প্রকল্পের নাম | ঃ | Improvement of Meteorological Radar at Cox's Bazar and Khepupara (2nd Revised). |
| খ. | অর্থায়ন | ঃ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও জাপান সরকার। |
| গ. | বাস্তবায়নকাল | ঃ | সেপ্টেম্বর ২০০৫ হতে ডিসেম্বর ২০১০। |
| ঘ. | বাস্তবায়নকারী সংস্থা | ঃ | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। |
| ঙ. | প্রজেক্ট এরিয়া | ঃ | কক্সবাজার ও খেপুপাড়া। |




২। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ: কক্সবাজার ও খেপুপাড়ায় স্থিত রাডার দুটির আয়ুষ্কাল উর্ত্তীণ হওয়ায় সাগরে সৃষ্ট ঘূর্ণিঝড়ের গতিপথ, অবস্থান, তীব্রতা, স্থলভাগ অতিক্রমের স্থান, জলোচ্ছ্বাস ইত্যাদি পূর্বাভাস প্রদানের নিমিত্ত জাপান সরকারের কারিগরি ও আর্থিক সহায়তায় সবমোট ১২৯১৬.০০ লক্ষ প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর ২০০৫ হতে ডিসেম্বর ২০১০ মেয়াদে কক্সবাজার ও খেপুপাড়ায় দুটি নতুন ডপলার রাডার স্থাপনের জন্য প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

৩। প্রকল্পের গুরুত্ব : সাগরে সৃষ্ট ঘূর্ণিঝড়ের গতিপথ, অবস্থান, তীব্রতা, স্থলভাগ অতিক্রমের স্থান, জলোচ্ছ্বাস ইত্যাদি পূর্বাভাস প্রদানের মাধ্যমে উপকূলীয় অঞ্চলের অধিবাসীদের জানমালের ক্ষতি কমিয়ে আনাই প্রকল্পের মূল উদ্দেশ্য।

৪। প্রকল্পের অর্জিত সাফল্য : প্রকল্পটি বাস্তবায়নের ফলে সমুদ্রে সৃষ্ট ঘূর্ণিঝড়ের গতিপথ, অবস্থান, তীব্রতা, স্থলভাগ অতিক্রমের স্থান ও সময়, জলোচ্ছ্বাস ইত্যাদির একটি কম্পোজিট পিকচার/ছবি ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় পাওয়া যাচ্ছে এবং এর সাহায্যে এতৎবিষয়ে অধিকতর সঠিকভাবে আগাম পূর্বাভাস প্রদান করা সম্ভব হচ্ছে। ফলে উপকূলীয় এলাকায় প্রাকৃতিক দূর্যোগে সৃষ্ট জান-মালের ক্ষয়-ক্ষতি সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনা সম্ভব হয়েছে যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে।

চলমান পাতা-০২

১। প্রজেক্ট প্রোফাইল :

| | | | |
|---|---|---|---|
| ক. | প্রকল্পের নাম | : | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের মানব সম্পদ উন্নয়ন। |
| খ. | অর্থায়ন | : | বাংলাদেশ সরকার ও জাইকা'র অর্থায়নে। |
| গ. | বাস্তবায়নকাল | : | জুলাই ২০১০ হতে ডিসেম্বর ২০১৩। |
| ঘ. | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। |
| ঙ. | প্রজেক্ট এরিয়া | : | সমগ্র বাংলাদেশ। |






□□□□□□□□□ □□□□□□□□ □□□□□□□□□□□□ Digital

২। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ : রাডারসহ অত্যাধুনিক আবহাওয়া যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের অত্যাধুনিক মডেল ব্যবহার করে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের জনবলের পেশাগত মান উন্নয়নের মাধ্যমে জলবায়ু তথ্য ও উপাত্ত ডিজিটালকরণসহ উপাত্তসমূহ সঠিকভাবে সংরক্ষণ এবং সরকারী/বেসরকারী/ গবেষণামূলক প্রতিষ্ঠান এর চাহিদানুযায়ী সরবরাহ করার লক্ষ্যে জাইকার কারিগরি সহায়তায় টাকা ৩১২৪.৭৪ লক্ষ (জিওবি টাকা ২১৮.৫১ লক্ষ এবং পিএ টাকা ২৯০৬.২৩ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১০ হতে ডিসেম্বর ২০১৩ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

৩। প্রকল্পের গুরুত্ব : রাডারসহ অত্যাধুনিক আবহাওয়া যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের অত্যাধুনিক মডেল ব্যবহার করে এ প্রকল্পের আওতায় বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের জনবলের পেশাগত মান উন্নয়নের মাধ্যমে জলবায়ুর তথ্য ও উপাত্ত ডিজিটালকরণসহ উপাত্তসমূহ সঠিকভাবে সংরক্ষণ এবং সরকারী/বেসরকারী/ গবেষণামূলক প্রতিষ্ঠান এর চাহিদানুযায়ী বিভিন্ন ছকে সরবরাহ করার জন্য প্রকল্পটির গুরুত্ব অপরিসীম।

৪। প্রকল্পের অর্জিত সাফল্য : আবহাওয়া সম্পর্কিত বিভিন্ন দূর্যোগ ও তা প্রশমনের জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পাইলট কর্মসূচী হিসেবে কক্সবাজারে ২টি বিদ্যালয়ের ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মধ্যে এতৎসংক্রান্ত ব্রোশিওর বিতরণ, ডেমনষ্ট্রেশন ক্লাস ও কোসসেনয়ার সার্ভে অন্তর্ভূক্ত করে স্থানীয় প্রশাসন, কৃষি, স্বাস্থ্য, দূর্যোগ প্রস্তুতি ও প্রশমন সংক্রান্ত সরকারী-বেসরকারী সংস্থাসহ বিভিন্ন মাধ্যমিক স্কুলের শিক্ষক এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধির সমন্বয়ে দিনব্যাপী সেমিনার আয়োজন করা হয়েছে।

চলমান পাতা-০৩

১। প্রজেক্ট প্রোফাইল :

| | | | |
|---|---|---|---|
| ক. | প্রকল্পের নাম | : | "Strengthening Meteorological Information Services and Early Warning Systems (Component-A)' under 'Bangladesh Weather and Climate Services Regional Project" |
| খ. | অর্থায়ন | : | বিশ্বব্যাংক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। |
| গ. | বাস্তবায়নকাল | : | জুলাই ২০১৬ হতে জুন ২০২১। |
| ঘ. | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। |
| ঙ. | প্রজেক্ট এরিয়া | : | সমগ্র বাংলাদেশ। |




□□□□□ □□□□□□ ও □□□□□□□□ □□□□□ □□□□□□

Bangladesh Weather Climate Services Regional Project এর চুক্তি

২। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ : দেশের ২০০টি স্থানে স্বয়ংক্রিয় আবহাওয়া স্টেশন স্থাপনের মাধ্যমে আবহাওয়া পর্যবেক্ষণ পদ্ধতির মান উন্নয়ন ও পর্যবেক্ষণ নেটওয়ার্ক সম্প্রসারণ, আবহাওয়া পূর্বাভাস পদ্ধতি ও মনিটরিং ব্যবস্থা জোরদারকরণ, জলোচ্ছ্বাসের উচ্চতা, জলাবদ্ধতা ও লবণাক্ততার ফলে জনগণের জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি নিরুপন, জলবায়ু সংক্রান্ত তথ্য-উপাত্তের বিষয়ে জরীপ পরিচালনার লক্ষ্যে বিশ্বব্যাংকের সহায়তায় জুলাই ২০১৬ হতে জুন ২০১২ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে।

৩। প্রকল্পের গুরুত্ব : বিজ্ঞানভিত্তিক জলবায়ুর পূর্বাভাস প্রদানের রূপরেখা প্রণয়ন, বিশ্ব জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের ঝুঁকি, এ সম্পর্কে সরকারের নেয়া পদক্ষেপ এবং প্রশমন ও অভিযোজন এর ব্যাপারে বিশ্বপ্রেক্ষিত জাতীয় পর্যায়ে অর্থনীতির প্রতিটি সেক্টরে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে সেক্টর স্পেসিফিক ফোরকাস্ট ও ওয়ার্নিং প্রদান করে জাতীয় পর্যায়ে আবহাওয়া অধিদপ্তরের সংগে প্রতিটি সেক্টরের একটি স্বয়ংসম্পূর্ণ নেটওয়ার্ক তৈরী করাই প্রকল্পটির মূল উদ্দেশ্য।

৪। প্রকল্পের অর্জিত সাফল্য : প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের ২০০টি স্থানে স্বয়ংক্রিয় আবহাওয়া স্টেশন স্থাপনের মাধ্যমে আবহাওয়া পর্যবেক্ষণ পদ্ধতির মান উন্নয়ন ও পর্যবেক্ষণ নেটওয়ার্ক সম্প্রসারণ, আবহাওয়া পূর্বাভাস পদ্ধতি ও মনিটরিং ব্যবস্থা জোরদারকরণ, জলোচ্ছ্বাসের উচ্চতা, জলবদ্ধতা ও লবণাক্ততার ফলে জনগণের জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি নিরুপণ, জলবায়ু সংক্রান্ত তথ্য-উপাত্তের বিষয়ে জরীপ পরিচালনা ইত্যাদি কর্মকান্ড সম্পাদনের মাধ্যমে এতৎসংক্রান্ত সংঘটিতব্য ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব হবে যা দেশের আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সহায়ক হবে।